

জেলা: পশ্চিম মেদিনীপুর
ব্লক: মেদিনীপুর সদর
গ্রাম পঞ্চায়েত : চাঁদড়া
গ্রাম: শিবপুর
রাস্তার নাম: শিবপুর চক থেকে তিকরপাড়া মেন রোড

মূল লক্ষ্য

- গ্রামীণ এলাকায় উন্নত রাস্তা নির্মাণ।
- শিক্ষা, স্বাস্থ্য, কৃষি ও বাজার ব্যবস্থার সঙ্গে গ্রামীণ জনগণের সংযোগ উন্নত করা।
- জরুরি পরিষেবায় দ্রুত পৌঁছানো নিশ্চিত করা।
- গ্রামীণ অর্থনৈতিক কর্মকাণ্ড এবং জীবনযাত্রার মান উন্নত করা।

কেস স্টাডি:

পশ্চিম মেদিনীপুর জেলার মেদিনীপুর সদর ব্লকের অন্তর্গত চাঁদড়া গ্রাম পঞ্চায়েতের শিবপুর গ্রামে শিবপুর চক থেকে তিকরপাড়া মেন রোড পর্যন্ত রাস্তাটি দীর্ঘদিন ধরে লাল মাটির কাঁচা রাস্তা ছিল। বর্ষাকালে এই রাস্তাটি জল-কাদায় ভরে যেত, ফলে গ্রামের শিশুদের স্কুলে যাতায়াত, অসুস্থ রোগীদের জরুরি ভিত্তিতে হাসপাতালে নিয়ে যাওয়া এবং কৃষকদের ফসল পরিবহণ অত্যন্ত কঠিন হয়ে উঠত। পথশ্রী-৪ প্রকল্পের আওতায় এই গুরুত্বপূর্ণ রাস্তাটিকে পাকা ঢালাই (কংক্রিট) রাস্তায় রূপান্তরের কাজ শুরু হয়েছে। এর ফলে গ্রামবাসীদের দীর্ঘদিনের ভোগান্তির অবসান ঘটতে চলেছে।

গ্রামের এক প্রবীণ বাসিন্দা শ্রী সুবল সিং আবেগঘন কণ্ঠে জানান, তাঁর জন্মের পর থেকেই এই রাস্তা লাল মাটির ছিল। এই রাস্তায় হেঁটেই তাঁরা স্কুলে গেছেন এবং কৃষিজমি থেকে ফসল বাড়িতে এনেছেন। রাজ্য সরকারের উদ্যোগে আজ সেই একই রাস্তা পাকা ঢালাই রাস্তায় রূপ নিচ্ছে—এ দৃশ্য নিজের চোখে দেখার জন্য বার্ষিক্য উপেক্ষা করে তিনি লাঠিতে ভর দিয়ে নির্মাণকাজ দেখতে বেরিয়ে এসেছেন।

গ্রামের গৃহবধুরাও বারবার রাজ্য সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। তাদের মতে, এই রাস্তা পাকা হলে শিশুদের স্কুলে যাওয়া নিরাপদ হবে, রোগীদের হাসপাতালে নিয়ে যাওয়া সহজ হবে এবং সামগ্রিকভাবে গ্রামীণ জীবনে স্বস্তি ফিরে আসবে।

শিবপুর গ্রামের এই রাস্তা নির্মাণ কেবল একটি পরিকাঠামোগত উন্নয়ন নয়, এটি গ্রামীণ মানুষের আস্থা অর্জন ও উন্নত ভবিষ্যতের প্রতীক। পথশ্রী-৪ প্রকল্পের মাধ্যমে রাজ্য সরকার যে জনমুখী ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের পথে এগোচ্ছে, এই কেস স্টাডি তার একটি উজ্জ্বল উদাহরণ।

